Amit Kundu
24/08/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 2nd Term Examination (Model Answer)

**Sub:** BENGALI TEXT **Class:** 8A/8B/8C/8D **F. M.** 80

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 03.08.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে লেখো ঃ- (১x৫=৫)

১.১ ‘অল্প পুঁথির কর্ম নয়।’ বক্তা হলেন —

(গ) পণ্ডিত

১.২ ‘মর্মরধ্বনি’ কথাটির অর্থ —

(ঘ) পাতার শব্দ

১.৩ নতুনদা হল —

(ক) ইন্দ্রর মাসতুতো ভাই

১.৪ ‘বোঝা আজ তার কাঁধে — কিসের বোঝা?

(গ) জানা অজানার

১.৫ দেশ জ্বালানো ‘সহস্রঘ্নী অস্ত্র’ কে চেয়েছিল?

(খ) কলিঙ্গ রাজকন্যা

২। শূণ্যস্থান পূরণ কর ঃ- (১x৫=৫)

২.১ ঘরেতে অভাব; পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া,

২.২ জয়ধ্বনি কিশলয়ে; সম্বর্ধনা জানাবে সকলে।

৩। একটি-দুটি শব্দে উত্তর দাও ঃ- (১x৫=৫)

৩.১ বনস্পতি কাকে বলে?

— বৃহৎ বৃক্ষ / যে গাছে ফুল হয় না ফল হয়।

৩.২ কে থলি বোঝাই করে বকশিশ পেল?

— স্যাকরা।

৩.৩ নতুনদা কোথাকার ছেলে?

— কলকাতার দর্জিপাড়ার

৩.৪ রাণার কি কাজ নিয়েছে?

— নতুন খবর আনার।

৩.৫ ‘মনোভীষ্ট’ শব্দের অর্থ কি?

— মনের ইচ্ছা।

## বিভাগ - খ

৪। **প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** (২x৫=১০)

৪.১ 'লোকসান ঘটায়' — কে কিভাবে লোকসান ঘটায়?

— বনের তোতা বনের ফলমূল খেয়ে রাজার রাজহাটে লোকসান ঘটায়।

৪.২ বিদীর্ণ করেছি মাটি' — কে মাটি বিদীর্ণ করেছে? তারপর সে কি দেখেছে?

— অঙ্কুরিত বটচারা। আলোর আনাগোনা দেখেছে।

৪.৩ নতুনদা সম্প্রতি কি পাশ করেছে? নতুনদা নৌকায় করে কোথায় কি করতে যাচ্ছিল?

— সম্প্রতি নতুনদা এল.এ. পাশ করেছে।

৪.৪ রাণার সবচেয়ে কিসে ভয় পায়? রাণার শহরে কখন পৌঁছে যাবে?

— দস্যুর ভয় এবং তারও চেয়ে সূর্য ওঠার ভয়। শহরে ভোরে পৌঁছে যাবে।

৪.৫ 'তারা না হরিতে পারে তিমির আমার।' - বক্তা কে? কেন 'তারা' তিমির হরণ করতে পারে না।

— বক্তা হলেন রামচন্দ্র। সীতাকে হারিয়ে রামচন্দ্রের মনের অন্ধকারকে দূর করার ক্ষমতা তারাদের নেই।

৫। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (যে কোনো পাঁচটি)** (৩x৫=১৫)

৫.১ 'তাদের সংসারে আর টানাটানি রহিল না।' - কাদের সংসারে? কেন আর টানাটানি রইল না?

— লিপিকরদের সংসারে। লিপিকররা পুঁথির নকল, নকলের নকল করলো, পারিতোষিক পেয়ে বলদ বোঝাই করল।

৫.২ 'যদিও নগণ্য আমি, তুচ্ছ বটবৃক্ষের সমাজে' - বক্তা কে? 'বটবৃক্ষের সমাজ' বলতে কি বোঝানো হয়েছে?

— অঙ্কুরিত বটচারা। বটগাছের ভীড়ে অরণ্যের মধ্যে।

৫.৩ 'আহা, র‍্যাপারের কি শ্রী!' - বক্তা কে? তিনি কাকে কিজন্য এই কথাটি বলেছিলেন?

— নতুনদা। নতুনদা শ্রীকান্ত'র র‍্যাপারটা চেয়েছিলেন, কারণ সেটি পেতে তিনি বসবেন নৌকার পাটাতনে, কিন্তু তাতে নাকি বিকট তেলের গন্ধ।

৫.৪ 'মাভৈঃ, রাণার এখনো রাতের কালো।' — 'মাভৈঃ' শব্দের অর্থ কি? রাণারের কাজ কি?

— ভয়হীনতা। ভয় নেই অর্থে। রাণার এক জায়গা থেকে অন্যত্র মানুষের চিঠিপত্র, অর্থ, কাগজপত্র ইত্যাদি পৌঁছে দেয়।

৫.৫ নতুনদা হাততালি দিয়ে কোন্ গান ধরেছিল? কেন কুকুরগুলো নতুনদাকে ঘিরে ধরেছিল?

— ঠুন ঠুন পেয়ালা। কুকুরগুলো সম্ভবত এমন গান ও সুর এর আগে শোনেনি এবং নতুনদার মতো এমন অদ্ভুত পোযাকের মানুষ দেখেনি।

৫.৬ 'নিন্দুকের যেন আচ্ছা করিয়া কান মলিয়া দেওয়া হয়।' একথা কে কোন্ প্রসঙ্গে বলেছিলেন?

— রাজাকে নিন্দুক বলেছিল পাখিটাকে দেখে যেতে, কারণ তিনি আয়োজন দেখে খুশি হয়ে দরবারে ফিরে যাচ্ছিলেন। এরপর রাজা পাখিটাকে দেখলেন, তার দুর্দশা দেখেও তিনি বুঝতে পারলেন না যে পাখি ভাল নেই, তাই নির্বোধ রাজা এতেই খুশি হয়ে এমন কথা বলেছিলেন।

৫.৭ পৃথিবীর আপন 'দুহিতা' কে? কৈকেয়ীর মনোভীষ্ট কি ছিল?

— সীতা। কৈকেয়ী চেয়েছিলেন তার সন্তান ভরত অযোধ্যার সিংহাসনে বসুক, তাই মন্থরার কুমন্ত্রণায় তিনি রামচন্দ্রকে চোদ্দ বছরের জন্য বনবাসে পাঠাতে চেয়েছিলেন।

## বিভাগ - গ

৬। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (যে কোনো আটটি)** **(৫x৮=৪০)**

১. 'তোতাকাহিনী' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

- নামকরণ বলতে কি বোঝ তা বলতে হবে।
- তোতাকাহিনী গল্পে রাজার তোতাকে খাঁচায় ভরে পুঁথির পাতা গিলিয়ে শিক্ষিত করার চেষ্টা হল।
- রাজা বুঝলেন তোতা শিক্ষিত হয়েছে।
- গল্পটি একটি ব্যঞ্জনাধর্মী গল্প।

২. 'আগামী' কবিতার অন্তর্নিহিত ভাবসত্যটি বর্ণনা করো।

- 'আগামী' কবিতার মূল ভাব আলোচনা করতে হবে।

৩. 'নতুনদা' গল্পে নতুনদার চরিত্রটি বিশ্লেষণ করো।

- নতুনদা ইন্দ্রের মাসতুতো দাদা।
- নতুনদা অহংকারী, সহ্যক্ষমতাহীন একজন ছেলে।
- নিজের পোযাক আর গানের উপর অগাধ আস্থা।
- ইন্দ্র ও শ্রীকান্তের প্রতি অবিবেচক ও দুর্ব্যবহারকারী।

৪. 'রাণার' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

- 'রাণার' কবিতায় রাণার সকলের চিঠির বোঝা বয়ে বেড়ায়।
- সারারাত দৌড়ে ভোর হবার আগে তাকে গন্তব্যে পৌঁছাতে হয়।
- টাকা, সুখ-দুঃখের খবর বিলি করা তার কাজ।

৫. 'রাজারাণী' গল্পে বঙ্গদেশের রাজকন্যার সঙ্গে সন্ন্যাসীর সাক্ষাৎকার প্রসঙ্গটি বর্ণনা করো।

- নিজের রাণী খোঁজার জন্য সন্ন্যাসীর ছদ্মবেশে রাজা বঙ্গদেশে যান।
- সেখানকার রাজকন্যা নিজের রূপ ও কথায় তার স্বামীকে ভুলিয়ে রাখতে চায়, যা ছদ্মবেশী রাজার একেবারে পছন্দ হয়নি।
- সন্ন্যাসীরূপী রাজা বঙ্গদেশ ত্যাগ করেন।

৬. 'রামচন্দ্রের বিলাপ' কবিতায় সীতাকে হারিয়ে রামচন্দ্রের কেমন মানসিক অবস্থা হয়েছিল তা নিজের ভাষায় লেখো।

- সীতাকে হারিয়ে রামচন্দ্র ভাই লক্ষ্মণের সামনে বিলাপ করেন।
- বিভিন্ন উপমায় সীতাকে উপমিত করেন, বলেন 'সীতা বিনা আমি যেন মণি হারা ফণি'।

৭. 'তোতাকাহিনী' গল্পে তোতার শেষ পরিণতি কি এবং কেন হয়েছিল তা গল্পটি অবলম্বনে আলোচনা করো।

- বনের তোতাকে শিক্ষিত করার জন্য রাজা ভাগিনাদের উপর ভার দেন।
- সোনার খাঁচা তৈরি হয়। পুঁথিলেখক পুঁথির পাহাড় গড়ে।
- কলমের খোঁচায় পাখির পেটে সেই পুঁথি ঠেসে ভরা হয়।
- ফল — তোতার মৃত্যু।

৮. একটি 'অঙ্কুরিত বীজ' কিভাবে 'বৃহতের দলে মিশে যাবে' 'আগামী' কবিতা অবলম্বনে আলোচনা করো।

- কবি সুকান্ত ভট্টাচার্য্য একটি ছোট অঙ্কুরিত বটচারার শিকড়ে বৃহতের সম্ভাবনাকে তুলে ধরেছেন।
- বটচারা নিজে বলছে তার বনস্পতি হওয়া ও বৃহতের দলে মিশে যাবার কথা।

৯. 'নতুনদা' গল্পে নতুনদার ক্ষুধার উদ্রেক হওয়ায় শেষ পর্যন্ত কি কি ঘটনা ঘটেছিল আলোচনা করো।

- নতুনদা ইন্দ্র ও শ্রীকান্তর সঙ্গে নৌকা ভ্রমণে বের হন।
- পথে তার ক্ষুধার উদ্রেক হয়, ইন্দ্ররা নতুনদার জন্য খাদ্য সংগ্রহে গেলে নতুনদা 'ঠুন ঠুন পেয়ালা' গান গেয়ে স্থানীয় সারমেয়দের তাড়া খেয়ে নদীর জলে প্রাণ বাঁচাতে ঝাঁপ দেন।
- পরে ইন্দ্র নতুনদাকে উদ্ধার করে।

১০. 'রাণার' কবিতায় রাণারের ছুটে চলার বর্ণনা নিজের ভাষায় লেখো।

- 'রাণার' কবিতার বক্তব্য বিষয় অনুযায়ী নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

***************